

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

নং- ৪৬.০৪৫.০২৭.০৮.১১৭.১১৭.২০১৭- ৬৬৯

তারিখ : ৯ জ্যৈষ্ঠ ১৪২৪
২৩ মে, ২০১৭

প্রজ্ঞাপন

যেহেতু, গত ০২/০১/২০১৭ তারিখ রাত ০২.১৫ টায় বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক জনাব সুপার জ্যোতি চাকমা, চেয়ারম্যান, লক্ষীছড়ি উপজেলা পরিষদ, খাগড়াছড়ি পাবর্ত্য জেলার সরকারি বাসভবন তল্লাশীকালে তাঁর নিয়ন্ত্রণাধীনে থাকা ০১টি পুরাতন পিস্তল, ম্যাগজিন ও ৫ রাউন্ড গুলি উদ্ধার করা হয়। উদ্ধারকৃত অস্ত্রের বৈধ কাগজপত্র না থাকায় তাঁকে তাৎক্ষণিকভাবে গ্রেফতার করে জেল হাজতে প্রেরণ করে তাঁর বিরুদ্ধে লক্ষীছড়ি থানায় অস্ত্র আইনের ১৯ক ধারায় ০১/২০১৭নং মামলা দায়ের করা হয়;


যেহেতু, উক্ত মামলা যথাযথভাবে তদন্তপূর্বক অভিযোগের প্রাথমিক সত্যতা থাকায় বিজ্ঞ আদালতে অভিযোগপত্র দাখিল করে;

যেহেতু, জনাব সুপার জ্যোতি চাকমা, চেয়ারম্যান, লক্ষীছড়ি উপজেলা পরিষদ, খাগড়াছড়ি পাবর্ত্য জেলা এর বিরুদ্ধে দায়েরকৃত লক্ষীছড়ি থানার মামলা নং-০১, তারিখ-০২/০১/২০১৭ (SPL ১৩/১৭, জি আর ০১/১৭) (ধারা- অস্ত্র আইনের ১৯ক) মামলার অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহিত হয়েছে;

যেহেতু, বিজ্ঞ আদালত কর্তৃক জনাব সুপার জ্যোতি চাকমা, লক্ষীছড়ি উপজেলা পরিষদ, খাগড়াছড়ি পাবর্ত্য জেলা এর বিরুদ্ধে অভিযোগপত্র গৃহিত হওয়ায় এবং নির্বাচিত জনপ্রতিনিধি হওয়া সত্ত্বেও তাঁর নিকট অবৈধ অস্ত্র থাকায় তাঁর দ্বারা উপজেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩খ(১) ধারা অনুসারে খাগড়াছড়ি পাবর্ত্য জেলার লক্ষীছড়ি উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব সুপার জ্যোতি চাকমাকে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারী করা হ'ল এবং অবিলম্বে তা কার্যকর হবে।


(লুৎফুন নাহার)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৭৭২৩০


e-mail: lgd.upazila2@gmail.com

নং- ৪৬.০৪৫.০২৭.০৮.১১৭.১১৭.২০১৭- ৬৬৯

তারিখ : ৯ জ্যৈষ্ঠ ১৪২৪
২৩ মে, ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব..... মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৩. সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৪. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৫. কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৬. জেলা প্রশাসক, খাগড়াছড়ি পাবর্ত্য জেলা।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৮. উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৩০ (ত্রিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
৯. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
১০. ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান (মহিলা), লক্ষীছড়ি উপজেলা পরিষদ, খাগড়াছড়ি পাবর্ত্য জেলা।
১১. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, খাগড়াছড়ি পাবর্ত্য জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, লক্ষীছড়ি।
১২. জনাব সুপার জ্যোতি চাকমা, চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত) লক্ষীছড়ি উপজেলা পরিষদ, খাগড়াছড়ি পাবর্ত্য জেলা
১৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ)।


(লুৎফুন নাহার)
সিনিয়র সহকারী সচিব